# বাংলাদেশ ব্যাংক

হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১
(রিক্রুটমেন্ট এন্ড আউটসোর্সিং উইং)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা।

বিজ্ঞপ্তি নং: ৩৭/২০২৪

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০৬ জুন ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে:

| | | | |
|---|---|---|---|
| ১) | ক) পদের নাম | : | **সহকারী পরিচালক (এক্স ক্যাডার-পাবলিকেশন্স) (৯ম গ্রেড)** |
| | খ) পদ সংখ্যা | : | ০২ |
| | গ) বেতন স্কেল | : | জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি। |
| | ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | : | স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে গণযোগাযোগ ও সাংবাদিকতা/ প্রিন্টিং এন্ড পাবলিকেশন্স/ ইংরেজী/ বাংলা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী। |

| | | | |
|---|---|---|---|
| ২) | ক) পদের নাম | : | **অফিসার (এক্স ক্যাডার-পাবলিকেশন্স) (১০ম গ্রেড)** |
| | খ) পদ সংখ্যা | : | ০৩ |
| | গ) বেতন স্কেল | : | জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি। |
| | ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | : | স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে গণযোগাযোগ ও সাংবাদিকতা/ প্রিন্টিং এন্ড পাবলিকেশন্স/ ইংরেজী/ বাংলা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী। |

| | | | |
|---|---|---|---|
| ৩) | ক) পদের নাম | : | **অফিসার (এক্স ক্যাডার-পাবলিকেশন্স) (ফটোগ্রাফার) (১০ম গ্রেড)** |
| | খ) পদ সংখ্যা | : | ০১ |
| | গ) বেতন স্কেল | : | জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০-৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধাদি। |
| | ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | : | ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে টেলিভিশন, চলচ্চিত্র, ভিডিওগ্রাফি, ফটোগ্রাফি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী।<br>অথবা,<br>খ) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীসহ টেলিভিশন, চলচ্চিত্র, ভিডিওগ্রাফি, ফটোগ্রাফি সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত কোনো প্রতিষ্ঠান হতে ন্যূনতম ০৬ মাস মেয়াদী ডিপ্লোমা।<br>অথবা,<br>গ) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে যে কোনো বিষয়ে ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রীসহ সরকারের স্বীকৃতিপ্রাপ্ত কোনো প্রতিষ্ঠানে অথবা দেশি/ বিদেশি বিজ্ঞাপনী সংস্থায় অথবা আন্তর্জাতিক/ বহুজাতিক সংস্থায় ফটোগ্রাফার/ ভিডিওগ্রাফার হিসেবে ন্যূনতম ০২ বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা । |

৪) আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময় : ০৮/০৭/২০২৪ তারিখ, রাত ১১.৫৯ টা।

৫) ফি প্রদান ও Payment Verification এর শেষ তারিখ ও সময় : ১১/০৭/২০২৪ তারিখ, রাত ১১.৫৯ টা।

৬) আবেদন ফি: অফেরতযোগ্য টাকাঃ ২০০/- Bangla QR এর মাধ্যমে আবেদন ফি প্রদান করতে হবে।

৭) সহকারী পরিচালক (এক্স ক্যাডার-পাবলিকেশন্স) পদে নিয়োগের ক্ষেত্রে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০২টিতে এবং অফিসার (এক্স ক্যাডার-পাবলিকেশন্স) পদে নিয়োগের ক্ষেত্রে, মাধ্যমিক স্কুল সার্টিফিকেট এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ০১টিতে প্রথম বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ থাকতে হবে। উল্লিখিত পদসমূহে শিক্ষাজীবনের কোনো পর্যায়েই ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ গ্রহণযোগ্য হবে না। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমানে প্রচলিত জি.পি.এ বা ক্ষেত্রমত, সি.জি.পি.এ-এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ নিম্নরূপে নির্ধারিত হবে:

(ক) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে

| ৫.০০ পয়েন্ট স্কেলে | সমতুল্য বিভাগ |
|---|---|
| জি.পি.এ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জি.পি.এ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |
| জি.পি.এ ১.০০ থেকে ২.০০ এর কম | তৃতীয় বিভাগ |

(খ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সি.জি.পি.এ-এর ক্ষেত্রে,

| অর্জিত সি.জি.পি.এ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম শ্রেণি/বিভাগ |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় শ্রেণি/বিভাগ |
| ১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম | ২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম | তৃতীয় শ্রেণি/বিভাগ |

(গ) O' Level এবং A' Level এর ক্ষেত্রে এ দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate), বিদেশী বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত ডিগ্রীর ক্ষেত্রে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের তথ্য প্রদান করতে হবে।

৮) বয়সসীমা (১১/০৬/২০২৪ তারিখে):

ক. সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স ২১ হতে ৩০ বছর;

খ. মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়স ২১ হতে ৩২ বছর।

গ. বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৯) আগ্রহী প্রার্থীদেরকে আগামী ১১/০৬/২০২৪ তারিখ হতে ০৮/০৭/২০২৪ তারিখের মধ্যে শুধু বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। ০৮/০৭/২০২৪ তারিখ বা তৎপূর্বে যাদের ০৪ বছর মেয়াদী স্নাতক ডিগ্রী অথবা স্নাতকোত্তর ডিগ্রীর ফলাফল প্রকাশিত হয়েছে/হবে তারা আবেদনের যোগ্য হবেন।

১০) আবেদন করার সময় Application Form পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী উল্লিখিত ওয়েবসাইটে পাওয়া যাবে।

১১) বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ যাদের CV রয়েছে, তারা তাদের উক্ত CV এর মাধ্যমে আবেদন করবেন। প্রার্থীর নাম এবং পিতা ও মাতার নাম এস.এস.সি/সমমানের সনদে যে ভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে হুবহু সে ভাবে লিখতে হবে। নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতা, মোবাইল নম্বর, ঠিকানা ইত্যাদি সংক্রান্ত তথ্যে অসামঞ্জস্য/ভুল থাকলে প্রার্থীগণ আবেদনের সময় নিজ উদ্যোগে সংশোধন/আপডেট করে নিবেন। যাদের CV নেই তারা ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অনলাইন আবেদনের ক্ষেত্রে নতুন CV তৈরি করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর ও সদ্য তোলা Formal রঙিন ছবি আপলোড করবেন। স্বাক্ষর এবং ছবির ব্যাকগ্রাউন্ড সাদা হতে হবে। স্বাক্ষর এবং ছবি আপলোডে ত্রুটি/বিচ্যুতির বিষয়ে সাবধানতা অবলম্বনের পরামর্শ প্রদান করা হলো। আবেদনপত্রে অসামঞ্জস্য/ভুল তথ্য থাকলে পরবর্তীতে সংশোধনের সুযোগ থাকবে না এবং কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই প্রার্থিতা বাতিল করা হবে।

১২) অনলাইনে আবেদন করার পর সংশ্লিষ্ট প্রার্থী Bangla QR code সম্বলিত একটি Payment Page পাবেন। মোবাইল ফোনের Payment App (Bangla QR সাপোর্ট করে এরূপ ব্যাংক/MFS) এর মাধ্যমে Bangla QR স্ক্যান করে টাকাঃ ২০০/- আবেদন ফি হিসেবে পরিশোধ করতে হবে। ফি প্রদান করার পর প্রার্থী কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS প্রেরণ করা হবে। SMS প্রাপ্তির পর ওয়েবসাইটে প্রার্থীকে Verify Payment Link-এ Click করে Payment Verification সম্পন্ন করতে হবে, অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে। Payment Verification সম্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদর্শন করা হবে। Payment Confirm করার পর প্রার্থী Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করবেন। পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড এবং পরবর্তী বিভিন্ন কাজে Tracking Page টি প্রয়োজন হবে। Payment Verification না করলে আবেদন অসম্পূর্ণ অবস্থায় বাতিল হবে এবং payment refund এর সুযোগ থাকবে না।

১৩) প্রার্থীদের প্রিলিমিনারি পরীক্ষা এবং/অথবা লিখিত পরীক্ষা ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৪) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো দলিলাদি প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে আবেদনপত্রে প্রদত্ত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদিসহ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য উপস্থিত থাকতে হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

১৫) চাকুরিরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে নিয়োগকারী কর্তৃপক্ষের অনাপত্তিপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীকে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে না।

১৬) আবেদনে প্রদত্ত স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ নোটারি পাবলিক কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে সনদপত্র উক্ত স্থায়ী ঠিকানার সপক্ষে হতে হবে।

১৭) নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সর্বশেষ সরকারি নীতিমালা অনুসরণ করা হবে।

১৮) কোনো ক্ষেত্রে দলিলাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে।

(মোঃ জবদুল ইসলাম)
পরিচালক (এইচআরডি-১)